



মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট-৯৩৫১

ওয়েব সাইট : www.mpa.gov.bd

ইমেইল : prompa6@gmail.com

প্রেস রিলিজ

যথাযথ মর্যাদায় মোংলা বন্দরের ৬৮তম প্রতিষ্ঠা বার্ষিকী

৭ ফেব্রুয়ারী ২০১৯ মোংলা বন্দরের ৬৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী বেগম হাবিবুন নাহার, এমপি, ভারতের সহকারী হাইকমিশনার মি.রাজেশ কুমার রায়না, ইয়াসমিন আফসানা, সদস্য (অর্থ), ক্যাপ্টেন মোহাম্মদ আলী চৌধুরী, সদস্য (হারবার এন্ড মেরিন), প্রকৌশলী আলতাফ হোসেন খান, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), জনাব প্রনব কুমার রায়, পরিচালক (প্রশাসন), বন্দর ব্যবহারকারী, ব্যবসায়ী প্রতিনিধিগণ, সাংবাদিক ও বিশিষ্ট নাগরিক মোংলা বন্দর কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ, অফিসার এ্যাসোসিয়েশন ও সিবিএ নেতৃবৃন্দসহ মোংলা বন্দরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীগণ। প্রধান অতিথি বেলা ১.৩০ ঘটিকায় কেক কেটে ৬৮তম মোংলা বন্দর প্রতিষ্ঠা বার্ষিকীর শুভ উদ্বোধন করেন। এছাড়া উক্ত অনুষ্ঠানে ২০১৭-১৮ অর্থ বছরে বন্দর ব্যবহারকারীদের মধ্যে সর্বোচ্চ জাহাজ আনয়নকারী শিপিং এজেন্ট, ইউনিগ্লোবাল বিজনেস লিঃ, খুলনা, সর্বোচ্চ কন্টেইনারবাহী জাহাজ আনয়নকারী শিপিং এজেন্ট, মেসার্স ওশান ট্রেড লিঃ, খুলনা, সর্বোচ্চ গাড়ীর জাহাজ আনয়নকারী শিপিং এজেন্ট, ফ্রাউন নেভিগেশন প্রাঃ লিঃ, খুলনা সহ বন্দর ব্যবহারকারী হিসেবে বিশেষ অবদান রাখার জন্য ২৩টি ক্যাটাগরীতে ফ্রেস্ট প্রদানসহ মোংলা বন্দরের ৯৭ জন অবসরগ্রহনকারী কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যেও ফ্রেস্ট প্রদান করা হয়। ফ্রেস্ট প্রদান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরিশেষে বন্দরের সকল মসজিদে জাতীর শান্তি, সমৃদ্ধি ও বন্দরের অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের মাধ্যমে দিনব্যাপি কর্মসূচী সমাপ্ত করা হয়।